দৈনিক ইত্তেফাক

তারিখ 03 DEC 1994
পৃষ্ঠা ৩ কলাম ৩

02

# রায়পুরে ২১ বছরে প্রাথমিক শিক্ষকের নূতন পদ সৃষ্টি হয় নাই

রায়পুর (লক্ষ্মীপুর) সংবাদদাতা ।। গত ২১ বৎসরে রায়পুর থানায় সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা কয়েকগুণ বৃদ্ধি পাইলেও উক্ত সময়ে থানায় প্রাথমিক শিক্ষকদের নতুন কোন পদ সৃষ্টি হয় নাই। থানায় বর্তমানে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৮৪টি। ছাত্র-ছাত্রীর সংখ্যা ৫০ হাজারের মত এবং শিক্ষকের সংখ্যা ৩৮৩ জন। ১০ জন শিক্ষকের পদ খালি অবস্থায় আছে।

হায়দরগঞ্জ টি,আর,এম প্রাথমিক বিদ্যালয়সহ কয়েকটি বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৬ শত হইতে ৮ শতের মত হইলেও উক্ত বিদ্যালয়গুলিতে শিক্ষকের সংখ্যা

(৪র্থ পৃঃ দ্রঃ)

## রায়পুরে ২১ বছরে

(৩য় পৃঃ পর)

গড়ে ৫-এর কোঠায়। দক্ষিণ গাইয়ারচর প্রাথমিক বিদ্যালয়ে ৭৮ সনে ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ৬৪ জন। যাহা বর্তমানে বৃদ্ধি পাইয়া হইয়াছে ৩৮০ জন। কিন্তু উক্ত বিদ্যালয়ে আজও শিক্ষক সংখ্যা বাড়ে নাই বলিয়া জানা যায়। অনুরূপভাবে অন্যান্য বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৪ হইতে ৮ গুণ পর্যন্ত বৃদ্ধি পাইয়া, বহু বিদ্যালয়ের ক্লাসগুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৫০ হইতে ২ শতর মত।

'৭৩ সনের পর হইতে উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশ না পাওয়ায় নতুন কোন শিক্ষকের পদ সৃষ্টি করা যাইতেছে না বলিয়া স্থানীয় থানা শিক্ষা অফিস জানায়।